

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৯১

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯৬. যে ব্যক্তি ইমামের খুতবা দেওয়ার সময় মসজিদে প্রবেশ করে, তার সম্পর্কে

بَابِ فِيمَنْ دَخَلَ الْمَسْجِدَ يَوْمَ الْجُمْعَةِ وَالْإِمَامُ يَخْطُبُ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ الرَّبِيعِ هُوَ ابْنُ صَبِيحٍ الْبَصْرِيُّ قَالَ رَأَيْتُ الْحَسَنَ يُصلِّي رَكْعَتَيْنِ وَالْإِمَامُ يَخْطُبُ وَقَالَ الْحَسَنُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا جَاءَ أَحَدُكُمْ وَالْإِمَامُ يَخْطُبُ فَلْيُصلِّ رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ يَتَجَوَّزُ فِيهِمَا قَالَ أَبُو مُحَمَّد أَقُولُ بِهِ

বাংলা

১৫৯১. রবী'- যিনি হলেন ইবনু সাবীহ আল বাসরী- থেকে বর্ণিত, তিনি বলেন, আমি ইমামের খুতবা দেওয়ার সময় হাসানকে দু' রাকা'আত সালাত আদায় করতে দেখেছি। আর হাসান বলেন, "যদি তোমাদের মধ্যে কোনো ব্যক্তি ইমামের খুতবা দেওয়ার সময় (মসজিদে) আসে, তবে সে যেনো সংক্ষেপে দু' রাকা'আত সালাত আদায় করে নেয়।"[1]

আবু মুহাম্মদ বলেন, আমি এ মত পোষণ করি।

ফুটনোট

[1]তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: ((ইবনু মাজাহ, ইকামাহ ১১১৪; আবু দাউদ ১১১৭; মুসলিম, জুমু'আ ৮৭৫; সহীহ ইবনু হিবান নং ২৪৯২; বাইহাকী, জুমু'আ ৩/১৯৪। এছাড়া এর শাহিদ আবী হুরাইরা রা: এর হাদীসটিও সহীহ।- মুসনাদুল মাউসিলী ১৯৪৬ নং এ মুহাকিকের টীকা হতে- অনুবাদক।)) মুসনাদুল মাউসিলী ২২৭৬; আর এর তাখরীজের জন্য দেখুন, সেখান থেকে ১৯৪৬, ২১৮৬ নং দুটির টীকা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন